

**বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) ২ ব্যাটেলিয়ন-এর ক্যাডেটদের  
পদোন্নতি ও বিদায়ী অনুষ্ঠান**



২৩ নভেম্বর-২০১৯, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) ২ ব্যাটেলিয়ন -এর উদ্যোগে ক্যাডেটদের পদোন্নতি ও বিদায়ী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের নিচতলায় অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এছাড়াও ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক এবং কোম্পানি কমান্ডার ও অফিসার ইনচার্জ পিইউও আতিয়ার রহমান এর সার্বিক তত্ত্বাবধানে বক্তব্য রাখেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক এবং প্রক্টর ড. মোস্তফা কামাল, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক এবং প্লাটুন কমান্ডার পিইউও মোঃ শফিকুল ইসলাম। এসময় বিভিন্ন ক্যাডেটবৃন্দ উপস্থিত ছিলেন।